আমাদের আকা হযরত মুহাম্মদ মোস্তফার পবিত্র বংশধরের উপর, তাঁর উভয় বরকতময় শাহাদাত আঙ্গুলের (তজ্জনী)

وَابْهَامِيهِ فِي الْآبَاهِيمِ اللَّهُمَّ صَلِّ وَسَلِّمْ عَلَى سَيِّدِنَا

ওয়া ইবহা-মায়হি ফিল্ আবাহী-ম্ । আল্লা-হুম্মা সল্লি ওয়া সাল্লিম 'আলা সায়্যিদিনা-  
উপর শাহাদাত আঙ্গুলগুলোর মধ্যে এবং তাঁর উভয় পবিত্র বৃদ্ধাঙ্গুলীর উপর বৃদ্ধাঙ্গুলীগুলোর মধ্যে। হে আল্লাহ! দুরূদ ও সালাম প্রেরণ করো আমাদের আকা

مُحَمَّدٍ وَعَلَى آلِ سَيِّدِنَا مُحَمَّدٍ وَعَلَى كَوْعِهِ وَبَنَاتِهِ فِي

মুহাম্মাদিওঁ ওয়া 'আলা- আ-লি সায়্যিদিনা- মুহাম্মাদিওঁ ওয়া 'আলা- কাও'ইহী- ওয়া বানা-নাতিহী- ফিল্  
হযরত মুহাম্মদ মোস্তফার উপর, আমাদের আকা হযরত মুহাম্মদ মোস্তফার পবিত্র বংশধরের উপর, তাঁর পবিত্র কজির গোড়ার উপর এবং তাঁর প্রতিটি আঙ্গুল মুবারকের অগ্রভাগের উপর,

الْبَنَانِ اللَّهُمَّ صَلِّ وَسَلِّمْ عَلَى سَيِّدِنَا مُحَمَّدٍ وَعَلَى آلِ

বানা-ন্ । আল্লা-হুম্মা সল্লি ওয়া সাল্লিম 'আলা সায্যিদিনা- মুহাম্মাদিওঁ ওয়া 'আলা- আ-লি  
আঙ্গুলের অগ্রভাগগুলোর মধ্যে। হে আল্লাহ! দুরূদ ও সালাম প্রেরণ করো আমাদের আকা হযরত মুহাম্মদ মোস্তফার উপর, আমাদের আকা

سَيِّدِنَا مُحَمَّدٍ وَعَلَى أُنْسَانِهِ فِي الْإِنْسَانِ وَكَعْسِهِ فِي

সায়্যিদিনা- মুহাম্মাদিওঁ ওয়া 'আলা- আনসা-নিহী- ফিল্ উনা-সি ওয়া কা'সিহী- ফিল্  
হযরত মুহাম্মদ মোস্তফার বংশধরের উপর, তাঁর নূরানী চোখের মণির উপর, চোখের মণিগুলোর মধ্যে, তাঁর গ্রন্থির হাড় মুবারকের উপর

الْكَعَّاسِ وَبُضْمِهِ وَعَتَبِهِ وَعَسْنِهِ اللَّهُمَّ صَلِّ وَسَلِّمْ عَلَى

কি'আ-সি ওয়া বাসমিহী- ওয়া 'আতাবিহী- ওয়া 'আসানিহ্ । আল্লা-হুম্মা সল্লি ওয়া সাল্লিম 'আলা  
ওই হাড়গুলোর মধ্যে, তাঁর পবিত্র কনিষ্ঠা ও সোঁটার পার্শ্ববর্তী আঙ্গুলের মধ্যবর্তী ফাঁকের উপর এবং তাঁর চর্বি শরীফের উপর অথবা তাঁর কমলীয়তার উপর। হে আল্লাহ! দুরূদ ও সালাম প্রেরণ

سَيِّدِنَا مُحَمَّدٍ وَعَلَى آلِ سَيِّدِنَا مُحَمَّدٍ وَعَلَى رَتْبِهِ

সায়্যিদিনা- মুহাম্মাদিওঁ ওয়া 'আলা- আ-লি সায়্যিদিনা- মুহাম্মাদিওঁ ওয়া 'আলা- রাতাবিহী-  
করো আমাদের আকা হযরত মুহাম্মদ মোস্তফার উপর, আমাদের আকা হযরত মুহাম্মদ মোস্তফার পবিত্র বংশধরের উপর, তাঁর কনিষ্ঠা ও এর পার্শ্ববর্তী আঙ্গুলের মধ্যবর্তী ফাঁকের উপর,

وَفَتْرِهِ وَفَوْتِهِ اللَّهُمَّ صَلِّ وَسَلِّمْ عَلَى سَيِّدِنَا مُحَمَّدٍ وَعَلَى

ওয়া ফাতরিহী- ওয়া ফাওতিহ্- । আল্লা-হুম্মা সল্লি ওয়া সাল্লিম 'আলা সায্যিদিনা- মুহাম্মাদিওঁ ওয়া 'আলা-  
তাঁর শাহাদাত আঙ্গুল ও বৃদ্ধাঙ্গুলীর প্রশস্তবস্থায় ফাঁকা জায়গার উপর এবং অন্য কোন দু'আঙ্গুলের মধ্যবর্তী ফাঁকের উপর। হে আল্লাহ! দুরূদ ও সালাম প্রেরণ করো আমাদের আকা হযরত মুহাম্মদ মোস্তফার উপর,

آلِ سَيِّدِنَا مُحَمَّدٍ وَعَلَى أَرْبِهِ فِي الْأَرَابِ وَفَرْجَتِهِ فِي

আ-লি সায়্যিদিনা- মুহাম্মাদিওঁ ওয়া 'আলা- আরবিহী- ফিল্ আরা-বি ওয়া ফারজাতিহী- ফিল্  
আমাদের আকা হযরত মুহাম্মদ মোস্তফার পবিত্র বংশধরের উপর, তাঁর প্রতিটি বরকতময় অঙ্গ-প্রত্যঙ্গের উপর অঙ্গ-প্রত্যঙ্গগুলোর মধ্যে এবং তাঁর বরকতময় অঙ্গ-প্রত্যঙ্গের মধ্যবর্তী-প্রশস্ততার উপর

الْفَرْجِ اللَّهُمَّ صَلِّ وَسَلِّمْ عَلَى سَيِّدِنَا مُحَمَّدٍ وَعَلَى آلِ سَيِّدِنَا

ফারজ্ । আল্লা-হুম্মা সল্লি ওয়া সাল্লিম 'আলা সায্যিদিনা- মুহাম্মাদিওঁ ওয়া 'আলা- আ-লি সায়্যিদিনা-  
প্রশস্ততাগুলোর মধ্যে। হে আল্লাহ! দুরূদ ও সালাম প্রেরণ করো আমাদের আকা হযরত মুহাম্মদ মোস্তফার উপর, আমাদের আকা

مُحَمَّدٍ وَعَلَى أَشْجَعِهِ فِي الْأَشَاجِعِ وَبُرْجَمَتِهِ فِي الْبَرَاجِمِ

মুহাম্মাদিওঁ ওয়া 'আলা- আশজা'ইহী- ফিল্ আশা-জি'ই ওয়া বুরজামাতিহী- ফিল্ বারা-জিম্ ।  
হযরত মুহাম্মদ মোস্তফার পবিত্র বংশধরের উপর এবং তাঁর প্রতিটি অঙ্গুল মুবারকের মূলের উপর সেগুলোর মূলগুলোর মধ্যে এবং বরকতময় গ্রহ্নির রেখাগুলোর উপর, রেখাগুলোর মধ্যে।

اللَّهُمَّ صَلِّ وَسَلِّمْ عَلَى سَيِّدِنَا مُحَمَّدٍ وَعَلَى آلِ سَيِّدِنَا

আল্লা-হুম্মা সল্লি ওয়া সাল্লিম 'আলা সাযিয়দিনা- মুহাম্মাদিওঁ ওয়া 'আলা- আ-লি সাযিয়দিনা-  
হে আল্লাহ! দুরূদ ও সালাম প্রেরণ করো আমাদের আক্বা হযরত মুহাম্মদ মোস্তফার উপর, আমাদের আক্বা

مُحَمَّدٍ وَعَلَى أَنْمَلْتِهِ فِي الْأَنْمَلِ وَشَبْرِهِ فِي الْأَشْبَارِ اللَّهُمَّ

মুহাম্মাদিওঁ ওয়া 'আলা- আনমিলাতিহী- ফিল্ আনা-মিলি ওয়া শিবরিহী- ফিল্ আশ্বা-র । আল্লা-হুম্মা  
হযরত মুহাম্মদ মোস্তফার পবিত্র বংশধরের উপর এবং তাঁর প্রতিটি অঙ্গুল মুবারকের অগ্রভাগের উপর, অঙ্গুলের মাথাগুলোর মধ্যে এবং তাঁর বরকতময় বিষতের উপর বিষতগুলোর মধ্যে। হে আল্লাহ!

صَلِّ وَسَلِّمْ عَلَى سَيِّدِنَا مُحَمَّدٍ وَعَلَى آلِ سَيِّدِنَا مُحَمَّدٍ

সল্লি ওয়া সাল্লিম 'আলা সাযিয়দিনা- মুহাম্মাদিওঁ ওয়া 'আলা- আ-লি সাযিয়দিনা- মুহাম্মাদিওঁ  
দুরূদ ও সালাম প্রেরণ করো আমাদের আক্বা হযরত মুহাম্মদ মোস্তফার উপর, আমাদের আক্বা হযরত মুহাম্মদ মোস্তফার পবিত্র বংশধরের উপর,

وَعَلَى يُمْنِيهِ فِي الْيُمْنِيَّاتِ وَيُسْرِيهِ فِي الْيُسْرِيَّاتِ اللَّهُمَّ

ওয়া 'আলা- ইয়ুম্নিয়্যাহী- ফিল্ ইয়ুম্নিয়্যা-তি ওয়া ইয়ুস্‌রিয়্যাহী- ফিল্ ইয়ুস্‌রিয়্যা-ত্ । আল্লা-হুম্মা  
তাঁর বরকতময় ডান অঙ্গুলের উপর ডান অঙ্গুলগুলোর মধ্যে তাঁর বরকতময় বাম অঙ্গুলের উপর এবং বাম অঙ্গুলগুলোর মধ্যে। হে আল্লাহ!

صَلِّ وَسَلِّمْ عَلَى سَيِّدِنَا مُحَمَّدٍ وَعَلَى آلِ سَيِّدِنَا مُحَمَّدٍ

সল্লি ওয়া সাল্লিম 'আলা সাযিয়দিনা- মুহাম্মাদিওঁ ওয়া 'আলা- আ-লি সাযিয়দিনা- মুহাম্মাদিওঁ  
দুরূদ ও সালাম প্রেরণ করো আমাদের আক্বা হযরত মুহাম্মদ মোস্তফার উপর, আমাদের আক্বা হযরত মুহাম্মদ মোস্তফার বংশধরের উপর,

وَعَلَى ظُفْرِهِ فِي الْأَظْفَارِ وَفُوفِهِ فِي الْأَفْوَافِ اللَّهُمَّ صَلِّ

ওয়া 'আলা- যুফ্‌রিহী- ফিল্ আযফা-রি ওয়া ফাওফিহী- ফিল্ আফ্‌ওয়া-ফ্ । আল্লা-হুম্মা সল্লি  
তাঁর প্রত্যেক নখ মুবারকের উপর নখগুলোর মধ্যে এবং তাঁর প্রত্যেক নখের অগ্রভাগের সাদা অংশের উপর, ওই সাদা অংশগুলোর মধ্যে। হে আল্লাহ! দুরূদ

وَسَلِّمْ عَلَى سَيِّدِنَا مُحَمَّدٍ وَعَلَى آلِ سَيِّدِنَا مُحَمَّدٍ وَعَلَى

ওয়া সাল্লিম 'আলা সায্যিদিনা- মুহাম্মাদিওঁ ওয়া 'আলা- আ-লি সায্যিদিনা- মুহাম্মাদিওঁ ওয়া 'আলা-  
ও সালাম প্রেরণ করো আমাদের আকা হযরত মুহাম্মদ মোস্তফার উপর, আমাদের আকা হযরত মুহাম্মদ মোস্তফার পবিত্র বংশধরের উপর,

قُلَامَتِهِ فِي الْقُلَامَاتِ وَوَبَشِهِ فِي الْأَوْبَاشِ اللَّهُمَّ صَلِّ

কুলা-মাতিহী- ফিল্ কুলা-মা-তি ওয়া ওয়াবশিহী- ফিল্ আওবা-শ্ । আল্লা-হুম্মা সল্লি  
তাঁর কর্তিত নখ মুবারকের উপর কর্তিত নখগুলোর মধ্যে এবং তাঁর নখ মুবারকগুলোর সাদা চিহ্নের উপর সাদা চিহ্নগুলোর মধ্যে। হে আল্লাহ! দুরদ

وَسَلِّمْ عَلَى سَيِّدِنَا مُحَمَّدٍ وَعَلَى آلِ سَيِّدِنَا مُحَمَّدٍ وَعَلَى

ওয়া সাল্লিম 'আলা সায্যিদিনা- মুহাম্মাদিওঁ ওয়া 'আলা- আ-লি সায্যিদিনা- মুহাম্মাদিওঁ ওয়া 'আলা-  
ও সালাম প্রেরণ করো আমাদের আকা হযরত মুহাম্মদ মোস্তফার উপর, আমাদের আকা হযরত মুহাম্মদ মোস্তফার পবিত্র বংশধরের উপর,

إِكْلِيلِهِ فِي الْأَكَالِيلِ وَظَهْرِهِ فِي الْأَظْهَرِ اللَّهُمَّ صَلِّ وَسَلِّمْ

ইকলী-লিহী- ফিল্ আকা-লী-লি ওয়া যোয়াহরিহী- ফিল্ আযহর । আল্লা-হুম্মা সল্লি ওয়া সাল্লিম  
তাঁর নখ মুবারকগুলোর চতুর্পাশের গোশতের উপর, এমন সব গোশতের মধ্যে এবং তাঁর পবিত্রতম পিঠের উপর, পিঠগুলোর মধ্যে। হে আল্লাহ! দুরদ ও সালাম

عَلَى سَيِّدِنَا مُحَمَّدٍ وَعَلَى آلِ سَيِّدِنَا مُحَمَّدٍ وَعَلَى مَطَائِهِ

'আলা সায্যিদিনা- মুহাম্মাদিওঁ ওয়া 'আলা- আ-লি সায্যিদিনা- মুহাম্মাদিওঁ ওয়া 'আলা- মাত্বোয়া-ইহী-  
প্রেরণ করো আমাদের আকা হযরত মুহাম্মদ মোস্তফার উপর, আমাদের আকা হযরত মুহাম্মদ মোস্তফার পবিত্র বংশধরের উপর, তাঁর পবিত্র পিঠের উপর

فِي الْأَمْطَاءِ وَحَاذِهِ اللَّهُمَّ صَلِّ وَسَلِّمْ عَلَى سَيِّدِنَا مُحَمَّدٍ

ফিল্ আম্বত্বোয়া-ই ওয়া হা-যিহ্- । আল্লা-হুম্মা সল্লি ওয়া সাল্লিম 'আলা সায্যিদিনা- মুহাম্মাদিওঁ  
পিঠগুলোর মধ্যে এবং তাঁর বরকতময় পিঠসংলগ্ন অংশের উপর। হে আল্লাহ! দুরদ ও সালাম প্রেরণ করো আমাদের আকা হযরত মুহাম্মদ

وَعَلَى آلِ سَيِّدِنَا مُحَمَّدٍ وَعُضْلَتِي ظَهْرِهِ وَكَتْدِهِ فِي

ওয়া 'আলা- আ-লি সায্যিদিনা- মুহাম্মাদিওঁ ওয়া 'উদ্বলাতাই- যোয়হরিহী- ওয়া কাতিদিহী- ফিল্  
মোস্তফার উপর, আমাদের আকা হযরত মুহাম্মদ মোস্তফার পবিত্র বংশধরের উপর, তাঁর পবিত্রতম পিঠের দুটি মজবুত আবরণীর উপর এবং তাঁর উভয় কাঁধের মধ্যবর্তী স্থানের উপর

الْأَكْتَادِ اللَّهُمَّ صَلِّ وَسَلِّمْ عَلَى سَيِّدِنَا مُحَمَّدٍ وَعَلَى آلِ

আক্-তা-দ্ । আল্লা-হুস্মা সল্লি ওয়া সাল্লিম 'আলা সাযিদিনা- মুহাম্মাদিওঁ ওয়া 'আলা- আ-লি  
কাঁধের মধ্যবর্তী স্থানগুলোর মধ্যে। হে আল্লাহ! দুরূদ ও সালাম প্রেরণ করো আমাদের আকা হযরত মুহাম্মদ মোস্তফার উপর,

سَيِّدِنَا مُحَمَّدٍ وَعَلَى مَتْنِهِ فِي الْمُتُونِ وَعَظْمِهِ الْعَرِيضِ

সায়িদিনা- মুহাম্মাদিওঁ ওয়া 'আলা- মাতনিহী ফিল্ মুতু-নি ওয়া আযমিহিল্ 'আরী-দ্ ।  
আমাদের আকা হযরত মুহাম্মদ মোস্তফার পবিত্র বংশধরদের উপর, তাঁর পিঠ মুবারকের উপর পিঠগুলোর মধ্যে এবং তাঁর চওড়া হাড় মুবারকের উপর।

اللَّهُمَّ صَلِّ وَسَلِّمْ عَلَى سَيِّدِنَا مُحَمَّدٍ وَعَلَى آلِ سَيِّدِنَا

আল্লা-হুস্মা সল্লি ওয়া সাল্লিম 'আলা সাযিদিনা- মুহাম্মাদিওঁ ওয়া 'আলা- আ-লি সাযিদিনা-  
হে আল্লাহ! দুরূদ ও সালাম প্রেরণ করো আমাদের আকা হযরত মুহাম্মদ মোস্তফার উপর, আমাদের আকা

مُحَمَّدٍ وَعَلَى ضِلْعِهِ فِي الْأَضْلَاعِ وَأَضْلَاعِ صَدْرِهِ فِي

মুহাম্মাদিওঁ ওয়া 'আলা- দ্বিল্ 'ইহী- ফিল্ আদ্বলা-'ই ওয়া আদ্বলা-'ই সদ্রিহী ফিদ্  
হযরত মুহাম্মদ মোস্তফার পবিত্র বংশধরের উপর, তাঁর পাজর মুবারকের উপর পাজরগুলোর মধ্যে এবং তাঁর মুবারক বক্ষের পাজরগুলোর উপর

الضُّلُوعِ اللَّهُمَّ صَلِّ وَسَلِّمْ عَلَى سَيِّدِنَا مُحَمَّدٍ وَعَلَى آلِ

দ্বোল্-'ই । আল্লা-হুস্মা সল্লি ওয়া সাল্লিম 'আলা সাযিদিনা- মুহাম্মাদিওঁ ওয়া 'আলা- আ-লি  
পাজরগুলোর মধ্যে। হে আল্লাহ! দুরূদ ও সালাম প্রেরণ করো আমাদের আকা হযরত মুহাম্মদ মোস্তফার উপর,

سَيِّدِنَا مُحَمَّدٍ وَعَلَى ضِلْعِهِ الْقَصِيرِيِّ وَنَافِجِهِ فِي النَّوَافِجِ

সায়িদিনা- মুহাম্মাদিওঁ ওয়া 'আলা- দ্বিল্ 'ইহিল্ ক্বাসী-রিয়্যি ওয়া না-ফিজিহী- ফিন্ নাওয়া-ফিজ্ ।  
আমাদের আকা হযরত মুহাম্মদ মোস্তফার পবিত্র বংশধরের উপর, তাঁর বরকতময় ছোট পাজরের উপর এবং তাঁর শেষ পাজর মুবারকের উপর পাজরগুলোর মধ্যে।

اللَّهُمَّ صَلِّ وَسَلِّمْ عَلَى سَيِّدِنَا مُحَمَّدٍ وَعَلَى آلِ سَيِّدِنَا

আল্লা-হুস্মা সল্লি ওয়া সাল্লিম 'আলা সাযিদিনা- মুহাম্মাদিওঁ ওয়া 'আলা- আ-লি সাযিদিনা-  
হে আল্লাহ! দুরূদ ও সালাম প্রেরণ করো আমাদের আকা হযরত মুহাম্মদ মোস্তফার উপর, আমাদের আকা

مُحَمَّدٍ وَعَلَىٰ غِشَاءِ الْمُسْتَبِطِنِ لِأَضْلَاعِهِ وَغِشَاءِ

মুহাম্মাদিওঁ ওয়া 'আলা- গিশা-ইল মুস্তাব্‌ত্বিনি লিআদ্বলা-'ইহী- ওয়া গিশা-ইল  
হযরত মুহাম্মদ মোস্তফার পবিত্র বংশধরের উপর, তাঁর ওই মাংসল আবরণীর উপর, যা তাঁর পাজরগুলোর ভিতরের পার্শ্ব রয়েছে আর ওই বরকতময় পর্দার উপর,

الْمُسْتَظْهِرِ لِأَضْلَاعِهِ اللَّهُمَّ صَلِّ وَسَلِّمْ عَلَىٰ سَيِّدِنَا

মুস্তাযহিরি লিআদ্বলা-'ইহ্ । আল্লা-হুম্মা সল্লি ওয়া সাল্লিম 'আলা সাযিয়দিনা-  
যা তাঁর পবিত্র পাজরগুলোর বাইরের পাশে রয়েছে। হে আল্লাহ! দুরূদ ও সালাম প্রেরণ করো আমাদের আকা

مُحَمَّدٍ وَعَلَىٰ آلِ سَيِّدِنَا مُحَمَّدٍ وَعَلَىٰ جَنْبِهِ فِي الْجُنُوبِ

মুহাম্মাদিওঁ ওয়া 'আলা- আ-লি সাযিয়দিনা- মুহাম্মাদিওঁ ওয়া 'আলা- জাম্বিহী- ফিল্ জুনূ-বি  
হযরত মুহাম্মদ মোস্তফার উপর, আমাদের আকা হযরত মুহাম্মদ মোস্তফার পবিত্র বংশধরের উপর, তাঁর পবিত্র পার্শ্বদেশের উপর পার্শ্বদেশগুলোর মধ্যে

وَشَرُّوْفِهِ فِي الشَّرَاسِفِ اللَّهُمَّ صَلِّ وَسَلِّمْ عَلَىٰ سَيِّدِنَا

ওয়া শারসূ-ফিহী- ফিশ্ শারা-সিফ্ । আল্লা-হুম্মা সল্লি ওয়া সাল্লিম 'আলা সাযিয়দিনা-  
এবং তাঁর বরকতময় পাজরগুলোর পেট মুবারকের দিকের অংশের উপর ওই পাজরের এ অংশগুলোর মধ্যে। হে আল্লাহ! দুরূদ ও সালাম প্রেরণ করো আমাদের আকা

مُحَمَّدٍ وَعَلَىٰ آلِ سَيِّدِنَا مُحَمَّدٍ وَعَلَىٰ سِنْسِنِهِ فِي

মুহাম্মাদিওঁ ওয়া 'আলা- আ-লি সাযিয়দিনা- মুহাম্মাদিওঁ ওয়া 'আলা- সিনসিনিহী- ফিস্  
হযরত মুহাম্মদ মোস্তফার উপর, আমাদের আকা হযরত মুহাম্মদ মোস্তফার পবিত্র বংশধরের উপর এবং তাঁর বক্ষ শরীফের হাড়ের অগ্রভাগের উপর,

السَّنَاسِنِ وَفَرْشِيهِ اللَّهُمَّ صَلِّ وَسَلِّمْ عَلَىٰ سَيِّدِنَا مُحَمَّدٍ

সানা-সিনি ওয়া ফারশাইহ্ । আল্লা-হুম্মা সল্লি ওয়া সাল্লিম 'আলা সাযিয়দিনা- মুহাম্মাদিওঁ  
বক্ষের হাড়গুলোর অগ্রভাগগুলোর মধ্যে এবং তাঁর জিহ্বা মুবারকের নিচের দুটি শিরার উপরও। হে আল্লাহ! দুরূদ ও সালাম প্রেরণ করো আমাদের আকা

وَعَلَىٰ آلِ سَيِّدِنَا مُحَمَّدٍ وَعَلَىٰ طِفْطِفَتِهِ فِي الطَّفَاطِفِ

ওয়া 'আলা- আ-লি সাযিয়দিনা- মুহাম্মাদিওঁ ওয়া 'আলা- ত্বফ্‌ত্বফাতিহী- ফিত্ব ত্বফা-ত্বিফি  
হযরত মুহাম্মদ মোস্তফার উপর, আমাদের আকা হযরত মুহাম্মদ মোস্তফার পবিত্র বংশধরের উপর আর কোমর শরীফের উপর কোমরগুলোর মধ্যে

وَصَدْرِهِ فِي الصُّدُورِ اَللّٰهُمَّ صَلِّ وَسَلِّمْ عَلٰى سَيِّدِنَا

ওয়া সদরিহী- ফিস্ সুদু-র্। আন্না-হুন্মা সল্লি ওয়া সাল্লিম 'আলা সায্যিদিনা-  
এবং তাঁর বক্ষ মুবারকের উপর বক্ষগুলোর মধ্যে। হে আল্লাহ! দুরুদ ও সালাম প্রেরণ করো আমাদের আকা

مُحَمَّدٍ وَعَلَىٰ اِلِ سَيِّدِنَا مُحَمَّدٍ وَعَلَىٰ عَظْمِهِ الزُّورَقِي

মুহাম্মাদিওঁ ওয়া 'আলা- আ-লি সায্যিদিনা- মুহাম্মাদিওঁ ওয়া 'আলা- 'আয্মিহিয্ যাওরাঙ্কিয়ি  
হযরত মুহাম্মদ মোস্তফার উপর, আমাদের আকা হযরত মুহাম্মদ মোস্তফার পবিত্র বংশধরের উপর, তাঁর কিশতী-সদৃশ (বক্ষের) হাড় শরীফের উপর,

وَجَنَابِهِ فِي الْجَنَابِ اَللّٰهُمَّ صَلِّ وَسَلِّمْ عَلٰى سَيِّدِنَا

ওয়া জানজানিহী- ফিল্ জানা-জিন্। আন্না-হুন্মা সল্লি ওয়া সাল্লিম 'আলা সায্যিদিনা-  
এবং তাঁর বক্ষ শরীফের হাড়গুলোর উপর ওই হাড়গুলোর মধ্যে। হে আল্লাহ! দুরুদ ও সালাম প্রেরণ করো আমাদের আকা

مُحَمَّدٍ وَعَلَىٰ اِلِ سَيِّدِنَا مُحَمَّدٍ وَعَلَىٰ ثَغْرَتِهِ فِي الثُّغْرِ

মুহাম্মাদিওঁ ওয়া 'আলা- আ-লি সায্যিদিনা- মুহাম্মাদিওঁ ওয়া 'আলা- সাগ্রাতিহী- ফিস্ সুগুরি  
হযরত মুহাম্মদ মোস্তফার উপর, আমাদের আকা হযরত মুহাম্মদ মোস্তফার পবিত্র বংশধরের উপর, তাঁর সম্মুখভাগের পবিত্র দাঁতগুলোর উপর, ওই দাঁতগুলোর মধ্যে

وَبَرْقِهِ فِي الْبُرُوقِ اَللّٰهُمَّ صَلِّ وَسَلِّمْ عَلٰى سَيِّدِنَا مُحَمَّدٍ

ওয়া বারক্বিহী- ফিল্ বুরু-ক্ব। আন্না-হুন্মা সল্লি ওয়া সাল্লিম 'আলা সায্যিদিনা- মুহাম্মাদিওঁ  
এবং সেগুলোর চমকের উপর চমকরাশির মধ্যে। হে আল্লাহ! দুরুদ ও সালাম প্রেরণ করো আমাদের আকা হযরত মুহাম্মদ

وَعَلَىٰ اِلِ سَيِّدِنَا مُحَمَّدٍ وَعَلَىٰ حَيْزُومِهِ فِي الْحَيَازِيمِ

ওয়া 'আলা- আ-লি সায্যিদিনা- মুহাম্মাদিওঁ ওয়া 'আলা- হাইযু-মিহী- ফিল্ হায়া-যী-মি  
মোস্তফার উপর, আমাদের আকা হযরত মুহাম্মদ মোস্তফার পবিত্র বংশধরের উপর, তাঁর বক্ষস্থলের মধ্যবর্তী অংশের উপর, বক্ষস্থলের মধ্যবর্তী অংশগুলোর মধ্যে

وَبَلَدَتِهِ فِي الْبَلَدَاتِ اَللّٰهُمَّ صَلِّ وَسَلِّمْ عَلٰى سَيِّدِنَا مُحَمَّدٍ

ওয়া বাল্দাতিহী- ফিল্ বালাদা-ত্। আন্না-হুন্মা সল্লি ওয়া সাল্লিম 'আলা সায্যিদিনা- মুহাম্মাদিওঁ  
এবং তাঁর বক্ষ শরীফের উপর বক্ষগুলোর মধ্যে। হে আল্লাহ! দুরুদ ও সালাম প্রেরণ করো আমাদের আকা হযরত মুহাম্মদ

وَعَلَىٰ آلِ سَيِّدِنَا مُحَمَّدٍ وَعَلَىٰ جَانِحَتِهِ فِي الْجَوَانِحِ

ওয়া 'আলা- আ-লি সায়্যিদিনা- মুহাম্মাদিওঁ ওয়া 'আলা- জা-নিহাতিহী- ফিল্ জাওয়া-নিহি মোস্তফার উপর, আমাদের আকা হযরত মুহাম্মদ মোস্তফার পবিত্র বংশধরের উপর, তাঁর বরকতময় পার্শ্বদেশের উপর পার্শ্বদেশগুলোর মধ্যে

وَجَوْشَنِهِ فِي الْجَوَاشِنِ اللَّهُمَّ صَلِّ وَسَلِّمْ عَلَىٰ سَيِّدِنَا

ওয়া জাওশানিহী- ফিল্ জাওয়া-শিন্ । আল্লা-হুম্মা সল্লি ওয়া সাল্লিম 'আলা সায়্যিদিনা- এবং তাঁর পবিত্র বক্ষদেশের উপর বক্ষগুলোর মধ্যে। হে আল্লাহ! দুরূদ ও সালাম প্রেরণ করো আমাদের আকা

مُحَمَّدٍ وَعَلَىٰ آلِ سَيِّدِنَا مُحَمَّدٍ وَعَلَىٰ حِجَابِ صَدْرِهِ فِي

মুহাম্মাদিওঁ ওয়া 'আলা- আ-লি সায়্যিদিনা- মুহাম্মাদিওঁ ওয়া 'আলা- হিজা-বি সদরিহী- ফিল্ হযরত মুহাম্মদ মোস্তফার উপর, আমাদের আকা হযরত মুহাম্মদ মোস্তফার পবিত্র বংশধরের উপর, তাঁর বক্ষ মুবারকের মাংসাল পর্দার উপর

الْحُجْبِ وَزُورَتِهِ فِي الْأَزْوَارِ اللَّهُمَّ صَلِّ وَسَلِّمْ عَلَىٰ

হুজ্বি ওয়া যাওরাতিহী- ফিল্ আযওয়া-র্ । আল্লা-হুম্মা সল্লি ওয়া সাল্লিম 'আলা মাংসাল পর্দাগুলোর মধ্যে এবং তাঁর বক্ষ মুবারকের উপরস্থিত অংশের পবিত্র বক্রতার উপর বক্ষ সমূহের বক্রতাগুলোর মধ্যে। হে আল্লাহ! দুরূদ ও সালাম

سَيِّدِنَا مُحَمَّدٍ وَعَلَىٰ آلِ سَيِّدِنَا مُحَمَّدٍ وَعَلَىٰ تَرِيْبَتِهِ فِي

সায়্যিদিনা- মুহাম্মাদিওঁ ওয়া 'আলা- আ-লি সায়্যিদিনা- মুহাম্মাদিওঁ ওয়া 'আলা- তারী-বাতিহী- ফিল্ প্রেরণ করো আমাদের আকা হযরত মুহাম্মদ মোস্তফার উপর, আমাদের আকা হযরত মুহাম্মদ মোস্তফার পবিত্র বংশধরের উপর, তাঁর বরকতময় বুকের মধ্যবর্তী হাড়ের উপর

التَّرَائِبِ وَقِصِّهِ فِي الْقِصَاصِ اللَّهُمَّ صَلِّ وَسَلِّمْ عَلَىٰ

তারী-ইবি ওয়া ক্বাস্‌সিহী- ফিল্ ক্বিসোয়া-স্ । আল্লা-হুম্মা সল্লি ওয়া সাল্লিম 'আলা ওই হাড়গুলোর মধ্যে এবং তাঁর বুকের হাড় মুবারকের উপর বুকের হাড়গুলোর মধ্যে। হে আল্লাহ! দুরূদ ও সালাম

سَيِّدِنَا مُحَمَّدٍ وَعَلَىٰ آلِ سَيِّدِنَا مُحَمَّدٍ وَعَلَىٰ مَسْرُبَتِهِ

সায়্যিদিনা- মুহাম্মাদিওঁ ওয়া 'আলা- আ-লি সায়্যিদিনা- মুহাম্মাদিওঁ ওয়া 'আলা- মাস্‌রুবাতিহী- প্রেরণ করো আমাদের আকা হযরত মুহাম্মদ মোস্তফার উপর, আমাদের আকা হযরত মুহাম্মদ মোস্তফার পবিত্র বংশধরের উপর, তাঁর বক্ষ মুবারক থেকে সূচনাকারী লোম মুবারকের সরু রেখার উপর



وَشَرَحَ صَدْرِهِ إِلَهِي كَفَى عِلْمُكَ عَنِ الْمَقَالِ وَكَفَى

ওয়া শার্হি সদরিহ্ । ইলা-হী- কাফা- 'ইল্মুকা 'আনিল্ মাক্বা-লি ওয়া কাফা-  
এবং বক্ষ মুবারকের প্রশস্ততার উপর। হে আমার আল্লাহ! তোমার জ্ঞান যথেষ্ট; বর্ণনার প্রয়োজন নেই। তোমরা দান ও বদান্যতা যথেষ্ট;

كَرَّمُكَ عَنِ السُّؤَالِ يَا إِلَهَ الْعَلَمِينَ ۝ يَا خَيْرَ النَّاصِرِينَ ۝

কারামুকা 'আনিস্ সুআ-লি ইয়া- ইলা-হাল্ 'আ-লামী-ন্, ইয়া- খায়রান্ না-সেরী-ন্,  
কোন প্রার্থনার প্রয়োজন হয় না। হে সত্য উপাস্য সমস্ত জাহানের! ওহে সমস্ত সাহায্যকারীর মধ্যে উত্তম সাহায্যকারী!

بِرَحْمَتِكَ أَسْتَعِيْثُ يَا أَرْحَمَ الرَّاحِمِينَ ۝ اللَّهُمَّ بِحَقِّ سِرِّ

বি রাহমাতিকা আস্তাগী-সু ইয়া- আরহামার্ রা-হিমী-ন । আল্লা-হুম্মা বি হাক্বুক্বি সির্রি  
তোমার দয়া সহকারে সাহায্য প্রার্থনা করছি, ওহে সব দয়ালু অপেক্ষা বেশী দয়ালু! হে আল্লাহ! ওই রহস্যসমূহেরও

هَذِهِ الْأَسْرَارِ وَبِحَقِّ كَرَمِكَ الْخَفِيِّ الْخَفِيِّ وَبِحَقِّ

হা-যিহিল্ আসরা-রি ওয়া বিহাক্বুক্বি কারামিকাল্ খাফিয়্যিল্ খাফিয়্যি ওয়া বিহাক্বুক্বিল্  
রহস্যের ওসীলা নিয়ে, তোমার গোপন থেকে গোপনতর বদান্যতার ওসীলা নিয়ে এবং

الْإِسْمِ الْأَعْظَمِ أَنْ تَقْضِيَ حَاجَتِي وَتُهْلِكَ عَدُوِّي

ইসমিল্ আ'যমি আন্ তাক্বুদ্বিয়া হা-জাতী- ওয়া তু হলিকা 'আদু ভ্ ভী-  
ইসমে আ'যম-এর ওসীলা নিয়ে (প্রার্থনা করছি তোমার মহান দরবারে), তুমি পূরণ করবে আমার চাহিদা, ধ্বংস করবে আমার শত্রুকে,

وَتُوصِلْنِي إِلَى مُرَادِي وَتَدْفَعْ عَنِّي شَرَّ جَمِيعِ عِبَادِكَ

ওয়া তু-সেলানী- ইলা- মুরা-দী- ওয়া তাদ্ফা 'আ 'আন্নী- শার্রা জামী-'ই 'ইবা-দিকা  
আমাকে পৌছাবে আমার কাঙ্ক্ষিত লক্ষ্যবস্তু পর্যন্ত এবং দূরীভূত করবে আমার থেকে তোমার সমস্ত বান্দার অনিষ্ট ও বিপর্যয়কে।

يَا أَرْحَمَ الرَّاحِمِينَ ۝ اللَّهُمَّ اعْصِمْنِي مِنْ شَرِّ الْفِتَنِ وَعَافِنِي

ইয়া- আরহামার্ রা-হিমী-ন । আল্লা-হুম্মা 'সিম্নী- মিন্ শার্রি ল্ ফিতানি ওয়া 'আ-ফিনী-  
হে সব দয়ালুর চেয়ে বেশী দয়ালু! হে আল্লাহ! আমাকে রক্ষা করো ফিৎনাসমূহের অনিষ্ট থেকে, আমাকে নিরাপত্তা দাও

مِنْ جَمِيعِ الْمَحْنِ وَأَصْلِحْ مِنِّي مَا ظَهَرَ وَمَا بَطَنَ وَنَقِّ قَلْبِي

মিন্ জামী-ইল্ মিহানি ওয়া আসলিহ্ মিন্নী- মা- যোয়াহারা ওয়া মা- বাত্বানা ওয়া নাক্বিক্বি ক্বল্বী- সমস্ত দুঃখ-কষ্ট থেকে, সংশোধন করো আমার প্রকাশ্য ও অভ্যন্তরকে, পবিত্র করো আমার হৃদয়কে

مِنَ الْحَقْدِ وَالْحَسَدِ وَلَا تَجْعَلْ عَلَيَّ تِبَاعَةً لِأَحَدٍ اللَّهُمَّ إِنِّي

মিনাল্ হিক্বদি ওয়াল্ হাসাদি ওয়া লা- তাজ'আল্ 'আলাইয়্যা তিবা-'আতাল্ লিআহাদ্ । আল্লা-হুম্মা ইন্নী- হিংসা-বিদ্বেষ থেকে এবং কারো জন্য আমার উপর জরিমানা আরোপ করো না। হে আল্লাহ! নিঃসন্দেহে আমি

أَسْأَلُكَ الْأَخْذَ بِأَحْسَنِ مَا تَعْلَمُ وَالتَّرْكَ لِسَيِّئِ مَا تَعْلَمُ

আসআলুকাল্ আখ্য়া বিআহসানি মা- তা'লামু ওয়াত্তার্কাল্ লিসায়্যিই মা- তা'লামু  
প্রার্থনা করছি তোমার মহান দরবারে যে, তুমি গ্রহণ করবে ওইসব আমার মধ্যে সুন্দরতম আলমকে, যা তোমার জ্ঞানে রয়েছে এবং ছেড়ে দেবে (আমার কর্মগুলো থেকে) মন্দকর্মকে, যা তোমার জ্ঞানে রয়েছে।

وَأَسْأَلُكَ التَّكْفُلَ بِالرِّزْقِ وَالزُّهْدَ فِي الْكَفَافِ

ওয়া আসআলুকাত্ তাকাফ্ ফুল্লা বির্ রিয্কি ওয়ায্ যুহ্দা ফিল্ কাফা-ফি  
আমি তোমার মহান দরবারে চাচ্ছি আমার জীবিকা তোমার তত্ত্বাবধানে নিয়ে নেয়া, জীবন অতিবাহিত করার ক্ষেত্রে দুনিয়ার প্রতি অমনযোগিতা,

وَالْمَخْرَجَ بِالْبَيَانِ مِنْ كُلِّ شُبْهَةٍ وَالْفَلَجَ بِالصَّوَابِ فِي

ওয়াল্ মাখরাজা বিল্ বায়া-নি মিন কুল্লি শুবহাতিওঁ ওয়াল্ ফালাজা বিস্ সাওয়া-বি ফী-  
সুস্পষ্ট বিবরণ দ্বারা প্রত্যেক প্রকারের সন্দেহ থেকে মুক্তি লাভ, প্রত্যেক যুক্তি-প্রমাণে সঠিক সিদ্ধান্ত সহকারে প্রশস্ততা,

كُلِّ حُجَّةٍ وَالْعَدْلَ فِي الْغَضَبِ وَالرِّضَى وَالتَّسْلِيمَ لِمَا

কুল্লি হুজ্জাতিওঁ ওয়াল্ 'আদলা ফিল্ গাদ্বাবি ওয়ার্ রিদ্দা- ওয়াত্ তাসলী-মা লিমা-  
অসম্ভুষ্টি ও সম্ভুষ্টির ক্ষেত্রে ন্যায় বিচার, মনে-প্রাণে মেনে নেয়া ওই প্রতিটি বস্তুকে,

يَجْرِي بِهِ الْقَضَاءُ وَالْإِقْتِصَادَ فِي الْفَقْرِ وَالْغِنَى وَالتَّوَاضِعَ

ইয়াজরী- বিহিল্ ক্বাদ্বোয়া-উ ওয়াল্ ইক্বতিসোয়া-দা ফিল্ ফাক্বরি ওয়াল্ গিনা- ওয়াত্ তাওয়া-দ্বো'আ  
যার সাথে জারী হয় তোমার বিচারকার্য, (আমি চাই) মধ্যপন্থা অভাব ও সাচ্ছন্দ্যের সময় এবং বিনয় (চাই)

فِي الْقَوْلِ وَالْفِعْلِ وَالصِّدْقِ فِي الْجِدِّ وَالْهَزْلِ اللَّهُمَّ إِنَّ

ফিল্ ক্বাওলি ওয়াল্ ফি'লি ওয়াস্ সিদ্ক্বা ফিল্ জিদ্দি ওয়াল্ হায্'লি। আল্লা-হুম্মা ইন্না কথা ও কাজে, আর (চাই) সত্যপরায়ণতা শালীন কথাবার্তায় এবং ঠাট্টাপূর্ণ কথাবার্তায়। হে আল্লাহ! নিশ্চয়

لِي ذُنُوبًا فِيمَا بَيْنِي وَبَيْنَكَ وَذُنُوبًا فِيمَا بَيْنِي وَبَيْنَ

লী- যুনু-বান্ ফী-মা- বায়নী- ওয়া বায়নাকা ওয়া যুনু-বান্ ফী-মা- বায়নী- ওয়া বায়না আমার কিছু পাপ এমন রয়েছে, যা তোমার ও আমার মধ্যে, আর কিছু পাপ এমন রয়েছে, যা আমার ও

خَلْقِكَ اللَّهُمَّ مَا كَانَ لَكَ مِنْهَا فَاعْفِرْهُ وَمَا كَانَ مِنْهَا

খালক্বিকা আল্লা-হুম্মা মা- কা-না লাকা মিনহা- ফাগ্'ফিরহু ওয়া মা- কা-না মিনহা- তোমার সৃষ্টির মধ্যে (সংঘটিত হয়েছে)। হে আল্লাহ! ওইগুলো থেকে যেগুলো তোমারই হক্, সেগুলো ক্ষমা করে দাও। আর যেগুলো

لِخَلْقِكَ فَتَحَمَّلْهُ عَنِّي وَاعْنِي بِفَضْلِكَ إِنَّكَ وَاسِعٌ

লি খালক্বিকা ফাতাহাম্মালহু 'আল্লী- ওয়া আগনিনী- বি ফাদ্বলিকা ইল্লাকা ওয়া-সি'উল্ তোমার সৃষ্টির হক্ বা প্রাপ্য, সেগুলোও তুমি আমার নিকট থেকে উঠিয়ে নাও। আর আমাকে বনী করে দাও তোমার অনুগ্রহের সাথে (অর্থাৎ তুমি ব্যতীত অন্য কারো মুখাপেক্ষী করো না), নিশ্চয়

الْمَغْفِرَةَ اللَّهُمَّ صَلِّ وَسَلِّمْ عَلَى سَيِّدِنَا مُحَمَّدٍ وَعَلَى آلِ

মাগ্'ফিরাহ্। আল্লা-হুম্মা সল্লি ওয়া সাল্লিম 'আলা সায্যিদিনা- মুহাম্মাদিওঁ ওয়া 'আলা- আ-লি তুমি প্রশস্ত ক্ষমার মালিক। হে আল্লাহ! দুরুদ ও সালাম প্রেরণ করো আমাদের আক্বা হযরত মুহাম্মদ মোস্তফার উপর, আমাদের আক্বা

سَيِّدِنَا مُحَمَّدٍ وَعَلَى شَقِيصِ صَدْرِهِ فِي الصُّدُورِ اللَّهُمَّ صَلِّ

সায়্যিদিনা- মুহাম্মাদিওঁ ওয়া 'আলা- শাক্বিক্বি সদরিহী ফিস্ সুদু-র্। আল্লা-হুম্মা সল্লি হযরত মুহাম্মদ মোস্তফার পবিত্র বংশধরের উপর এবং তাঁর পবিত্র বক্ষবিদারণের উপর বক্ষগুলোর মধ্যে। হে আল্লাহ! দুরুদ

وَسَلِّمْ عَلَى سَيِّدِنَا مُحَمَّدٍ وَعَلَى آلِ سَيِّدِنَا مُحَمَّدٍ وَعَلَى

ওয়া সাল্লিম 'আলা সায্যিদিনা- মুহাম্মাদিওঁ ওয়া 'আলা- আ-লি সায্যিদিনা- মুহাম্মাদিওঁ ওয়া 'আলা- ও সালাম প্রেরণ করো আমাদের আক্বা হযরত মুহাম্মদ মোস্তফার উপর, আমাদের আক্বা হযরত মুহাম্মদ মোস্তফার পবিত্র

تَنْدُوتِهِ فِي الثَّنَادِي وَحَلَمَتِهِ فِي الْحُلُمَاتِ اللَّهُمَّ صَلِّ

সানদুওয়াতিহী- ফিস্ সানা-দা- ওয়া হালামাতিহী- ফিল্ ছলুমা-ত্ । আল্লা-হুম্মা সল্লি  
বংশধরের উপর, তাঁর পবিত্র স্তনের উপর স্তনগুলোর মধ্যে এবং তাঁর পবিত্র স্তনের অগ্রভাগের উপর ওইগুলোর অগ্রভাগের মধ্যে। হে আল্লাহ! দুরদ

وَسَلِّمْ عَلَى سَيِّدِنَا مُحَمَّدٍ وَعَلَى آلِ سَيِّدِنَا مُحَمَّدٍ وَعَلَى

ওয়া সাল্লিম্ 'আলা সায়্যিদিনা- মুহাম্মাদিওঁ ওয়া 'আলা- আ-লি সায়্যিদিনা- মুহাম্মাদিওঁ ওয়া 'আলা-  
ও সালাম প্রেরণ করো আমাদের আকা হযরত মুহাম্মদ মোস্তফার উপর; আমাদের আকা হযরত মুহাম্মদ মোস্তফার পবিত্র বংশধরের উপর,

رَيْتِهِ فِي الرِّيَّاتِ وَفُؤَادِهِ فِي الْأَفْئِدَةِ اللَّهُمَّ صَلِّ وَسَلِّمْ

রিয়্যাতিহী- ফির্ রিয়্যা-তি ওয়া ফুআ-দিহী- ফিল্ আফ্ইদাহ্ । আল্লা-হুম্মা সল্লি ওয়া সাল্লিম্  
তাঁর ফুসফুস মুবারকের উপর ফুসফুসগুলোর মধ্যে, এবং তাঁর পবিত্র হৃদয়ের উপর হৃদয়গুলোর মধ্যে। হে আল্লাহ! দুরদ ও সালাম

عَلَى سَيِّدِنَا مُحَمَّدٍ وَعَلَى آلِ سَيِّدِنَا مُحَمَّدٍ وَعَلَى

'আলা সায়্যিদিনা- মুহাম্মাদিওঁ ওয়া 'আলা- আ-লি সায়্যিদিনা- মুহাম্মাদিওঁ ওয়া 'আলা-  
প্রেরণ করো আমাদের আকা হযরত মুহাম্মদ মোস্তফার উপর, আমাদের আকা হযরত মুহাম্মদ মোস্তফার পবিত্র বংশধরের উপর,

سُوَيْدَائِهِ فِي السُّوَيْدَاتِ وَغِلَافِ قَلْبِهِ فِي الْغُلْفِ اللَّهُمَّ

সুওয়াইদা-ইহী- ফিস্ সুওয়াইদা-তি ওয়া গিলা-ফি ক্বল্বিহী- ফিল্ গুলুফ্ । আল্লা-হুম্মা  
তাঁর জ্যোতিময় হৃদয়ের মধ্যভাগের উপর, ওই মধ্যভাগগুলোর মধ্যে এবং তাঁর জ্যোতিময় হৃদয়ের বহির্গত আবরণীর উপর হৃদয়ের আবরণীগুলোর মধ্যে। হে আল্লাহ!

صَلِّ وَسَلِّمْ عَلَى سَيِّدِنَا مُحَمَّدٍ وَعَلَى آلِ سَيِّدِنَا مُحَمَّدٍ

সল্লি ওয়া সাল্লিম্ 'আলা সায়্যিদিনা- মুহাম্মাদিওঁ ওয়া 'আলা- আ-লি সায়্যিদিনা- মুহাম্মাদিওঁ  
দুরদ ও সালাম প্রেরণ করো আমাদের আকা হযরত মুহাম্মদ মোস্তফার উপর, আমাদের আকা হযরত মুহাম্মদ মোস্তফার পবিত্র বংশধরের উপর

وَعَلَى بَطْنِي قَلْبِهِ فِي الْبُطُونِ وَدَهْلِيْزِهِ فِي الدَّهَالِيْزِ اللَّهُمَّ

ওয়া 'আলা- বাত্বনাই ক্বল্বিহী- ফিল্ বুত্বু-নি ওয়া দিহ্লী-যিহী- ফিদ্ দাহা-লী-য্ । আল্লা-হুম্মা  
তাঁর পবিত্রতম হৃদয়ের অভ্যন্তরীণ উভয় অংশের উপর ওইসব অভ্যন্তরীণ অংশগুলোর মধ্যে এবং তাঁর আলোকিত হৃদয়ের দীর্ঘ নালীর উপর দীর্ঘ নালীগুলোর মধ্যে। হে আল্লাহ!

صَلِّ وَسَلِّمْ عَلَى سَيِّدِنَا مُحَمَّدٍ وَعَلَى آلِ سَيِّدِنَا مُحَمَّدٍ

সল্লি ওয়া সাল্লিম 'আলা- সায্যিদিনা- মুহাম্মাদিওঁ ওয়া 'আলা- আ-লি সায্যিদিনা- মুহাম্মাদিওঁ  
সালাত ও সালাম প্রেরণ করো আমাদের আকা হযরত মুহাম্মদ মোস্তফার উপর, আমাদের আকা হযরত মুহাম্মদ মোস্তফার

وَعَلَى قَاعِدَةِ قَلْبِهِ فِي الْقَوَاعِدِ وَحِجَابِ قَلْبِهِ فِي الْحُجُبِ

ওয়া 'আলা- ক্বা-ইদাতি ক্বাল্বিহী- ফিল্ ক্বাওয়া-ইদি ওয়া হিজা-বি ক্বাল্বিহী- ফিল্ হুজুব।  
পবিত্র বংশধরের উপর, তাঁর জ্যোতির্ময় হৃদয়ের প্রাথমিক বুনয়াদী অংশের উপর বুনয়াদী অংশগুলোর মধ্যে এবং তাঁর জ্যোতির্ময় হৃদয়ের আবরণী শরীফের উপর আবরণীগুলোর মধ্যে।

اللَّهُمَّ صَلِّ وَسَلِّمْ عَلَى سَيِّدِنَا مُحَمَّدٍ وَعَلَى آلِ سَيِّدِنَا

আল্লা-হুম্মা সল্লি ওয়া সাল্লিম 'আলা সায্যিদিনা- মুহাম্মাদিওঁ ওয়া 'আলা- আ-লি সায্যিদিনা-  
হে আল্লাহ! দুরূদ ও সালাম প্রেরণ করো আমাদের আকা হযরত মুহাম্মদ মোস্তফার উপর, আমাদের আকা

مُحَمَّدٍ وَعَلَى شِغَاغِهِ وَأَبْهَرِيهِ اللَّهُمَّ صَلِّ وَسَلِّمْ عَلَى

মুহাম্মাদিওঁ ওয়া 'আলা- শিগা-ফিহী- ওয়া আবহারাইহী। আল্লা-হুম্মা সল্লি ওয়া সাল্লিম 'আলা  
হযরত মুহাম্মদ মোস্তফার পবিত্র বংশধরের উপর, তাঁর পবিত্র হৃদয়ের মধ্যবর্তী অংশের উপর এবং তাঁর পবিত্র হৃদয়ের দুটি বড় শিরার উপর। হে আল্লাহ! দুরূদ ও সালাম প্রেরণ করো

سَيِّدِنَا مُحَمَّدٍ وَعَلَى آلِ سَيِّدِنَا مُحَمَّدٍ وَعَلَى أُذُنِي قَلْبِهِ فِي

সায্যিদিনা- মুহাম্মাদিওঁ ওয়া 'আলা- আ-লি সায্যিদিনা- মুহাম্মাদিওঁ ওয়া 'আলা- উয়ুনাই ক্বল্বিহী- ফিল্  
আমাদের আকা হযরত মুহাম্মদ মোস্তফার উপর, আমাদের আকা হযরত মুহাম্মদ মোস্তফার পবিত্র বংশধরের উপর, তাঁর জ্যোতির্ময় হৃদয়ের উভয় কান মুবারকের উপর

الْأَذَانِ وَنُجْفِهِ فِي الْأَنْجَافِ اللَّهُمَّ صَلِّ وَسَلِّمْ عَلَى سَيِّدِنَا

আ-যা-নি ওয়া নুজুফিহী- ফিল্ আনজা-ফ। আল্লা-হুম্মা সল্লি ওয়া সাল্লিম 'আলা সায্যিদিনা-  
কানগুলোর মধ্যে এবং তাঁর পবিত্রতম হৃদয়ের মধ্যবর্তী মোটা ও উথিতস্থানের উপর ওই স্থানগুলোর মধ্যে। হে আল্লাহ! দুরূদ ও সালাম প্রেরণ করো আমাদের আকা

مُحَمَّدٍ وَعَلَى آلِ سَيِّدِنَا مُحَمَّدٍ وَعَلَى حَبَّةِ قَلْبِهِ فِي حَبَاتِ

মুহাম্মাদিওঁ ওয়া 'আলা- আ-লি সায্যিদিনা- মুহাম্মাদিওঁ ওয়া 'আলা- হাব্বাতি ক্বল্বিহী- ফী- হাব্বা-তিল্  
হযরত মুহাম্মদ মোস্তফার উপর, আমাদের আকা হযরত মুহাম্মদ মোস্তফার পবিত্র বংশধরের উপর এবং তাঁর পবিত্রতম হৃদয়ের অভ্যন্তরীণ দানা ও বিদূর উপর

الْقُلُوبِ وَوَتَيْنِهِ فِي الْوَتَنِ اللَّهُمَّ صَلِّ وَسَلِّمْ عَلَى سَيِّدِنَا

কুলু-বি ওয়া ওয়াতী-নিহী- ফিল্ ওয়াতান্ । আল্লা-হুম্মা সল্লি ওয়া সাল্লিম 'আলা সাযিদিনা-  
পবিত্র হৃদয়ের বিন্দুগুলোর মধ্যে এবং তাঁর পবিত্রতম হৃদয়ের বড় শিরার উপর বড় শিরাগুলোর মধ্যে (যা সমগ্র দেহে বৃত্ত সঞ্চালন করে)। হে আল্লাহ! দুরূদ ও সালাম প্রেরণ করো আমাদের আকা

مُحَمَّدٍ وَعَلَى آلِ سَيِّدِنَا مُحَمَّدٍ وَعَلَى كَبِدِهِ فِي الْأَكْبَادِ

মুহাম্মাদিওঁ ওয়া 'আলা- আ-লি সাযিদিনা- মুহাম্মাদিওঁ ওয়া 'আলা- কাবিদিহী- ফিল্ আকবা-দি  
হযরত মুহাম্মাদ মোস্তফার উপর, আমাদের আকা হযরত মুহাম্মাদ মোস্তফার পবিত্র বংশধরের উপর, তাঁর পবিত্র কলিজার উপর কলিজাগুলোর মধ্যে

وَسَوَادِ بَطْنِهِ فِي الْبَطْنَانِ اللَّهُمَّ صَلِّ وَسَلِّمْ عَلَى سَيِّدِنَا

ওয়া সাওয়া-দি বাত্বনিহী- ফিল্ বাত্বনা-ন্ । আল্লা-হুম্মা সল্লি ওয়া সাল্লিম 'আলা সাযিদিনা-  
এবং তাঁর পবিত্র উদরের অভ্যন্তরীণ অংশগুলোর উপর ওই অভ্যন্তরীণ অংশগুলোর মধ্যে। হে আল্লাহ! দুরূদ ও সালাম প্রেরণ করো আমাদের আকা

مُحَمَّدٍ وَعَلَى آلِ سَيِّدِنَا مُحَمَّدٍ وَعَلَى مُحَدَّبِ كَبِدِهِ

মুহাম্মাদিওঁ ওয়া 'আলা- আ-লি সাযিদিনা- মুহাম্মাদিওঁ ওয়া 'আলা- মুহাদ্বাবি কাবিদিহী-  
হযরত মুহাম্মাদ মোস্তফার উপর, আমাদের আকা হযরত মুহাম্মাদ মোস্তফার পবিত্র বংশধরের উপর, তাঁর কলিজা মুবারকের বাহিক ঢালু

وَمُقَعَّرِ كَبِدِهِ وَزَوَائِدِ كَبِدِهِ اللَّهُمَّ صَلِّ وَسَلِّمْ عَلَى سَيِّدِنَا

ওয়া মুক্বা'আরি কাবিদিহী- ওয়া যাওয়া-ইদি কাবিদিহ্ । আল্লা-হুম্মা সল্লি ওয়া সাল্লিম 'আলা- সাযিদিনা-  
অংশের উপর, তাঁর কলিজা মুবারকের গভীরতার উপর এবং তাঁর কলিজা মুবারকের বর্ধিত অংশগুলোর উপর। হে আল্লাহ! দুরূদ ও সালাম প্রেরণ করো আমাদের আকা

مُحَمَّدٍ وَعَلَى آلِ سَيِّدِنَا مُحَمَّدٍ وَعَلَى بَابِهِ فِي الْأَبْوَابِ

মুহাম্মাদিওঁ ওয়া 'আলা- আ-লি সাযিদিনা- মুহাম্মাদিওঁ ওয়া 'আলা- বা-বিহী- ফিল্ আবওয়া-বি  
হযরত মুহাম্মাদ মোস্তফার উপর, আমাদের আকা হযরত মুহাম্মাদ মোস্তফার পবিত্র বংশধরের উপর, তাঁর (হৃদয় কিংবা কলিজা)'র ফটক ও সূচনার উপর, ওই দরজাগুলোর মধ্যে,

وَأَجْوَفِيهِ وَمَرَاتِهِ فِي الْمَرَارَاتِ اللَّهُمَّ صَلِّ وَسَلِّمْ عَلَى

ওয়া আজওয়াফাইহি ওয়া মিরার-রাতিহী- ফিল্ মারা-রা-ত্ । আল্লা-হুম্মা সল্লি ওয়া সাল্লিম 'আলা-  
তাঁর কলিজা মুবারকের অভ্যন্তরীণ দুর্গি খালি অংশের উপর এবং তাঁর বরকতময় পিত্তের উপর, পিত্তগুলোর মধ্যে। হে আল্লাহ! দুরূদ ও সালাম

سَيِّدِنَا مُحَمَّدٍ وَعَلَىٰ آلِ سَيِّدِنَا مُحَمَّدٍ وَعَلَىٰ طِحَالِهِ فِي

সায়্যিদিনা- মুহাম্মাদিওঁ ওয়া 'আলা- আ-লি সায়্যিদিনা- মুহাম্মাদিওঁ ওয়া 'আলা- তেহা-লিহী- ফিত্ত  
শ্রেণণ করো আমাদের আক্কা হযরত মুহাম্মদ মোস্তফার উপর, আমাদের আক্কা হযরত মুহাম্মদ মোস্তফার পবিত্র বংশধরের উপর, তাঁর তিল্লি মুবাররে উপর

الطُّحْلِ وَفَمِ مَعْدَتِهِ اللَّهُمَّ صَلِّ وَسَلِّمْ عَلَىٰ سَيِّدِنَا مُحَمَّدٍ

ত্হোহু-লি ওয়া ফামি মি'দাতিহু। আল্লা-হুম্মা সল্লি ওয়া সাল্লিম 'আলা- সায়্যিদিনা- মুহাম্মাদিওঁ  
তিল্লিগুলোর মধ্যে এবং পাকস্থলী মুবারকের মুখের উপর। হে আল্লাহ! দুরূদ ও সালাম শ্রেণণ করো আমাদের আক্কা হযরত মুহাম্মদ মোস্তফার উপর

وَعَلَىٰ آلِ سَيِّدِنَا مُحَمَّدٍ وَعَلَىٰ مَعْدَتِهِ فِي الْمَعْدِ وَأُمَّ طَعَامِهِ

ওয়া 'আলা- আ-লি সায়্যিদিনা- মুহাম্মাদিওঁ ওয়া 'আলা- মি'দাতিহী- ফিল্ মু'উদি ওয়া উম্মি ত্বা'আ-মিহী-  
আমাদের আক্কা হযরত মুহাম্মদ মুহাম্মদ মোস্তফার পবিত্র বংশধরের উপর, তাঁর পবিত্র পাকস্থলীর উপর পাকস্থলীগুলোর মধ্যে এবং তাঁর পবিত্র পাকস্থলীর খাদ্যবিশিষ্ট বিল্লির উপর

فِي أُمَّاتِ الطَّعَامِ اللَّهُمَّ صَلِّ وَسَلِّمْ عَلَىٰ سَيِّدِنَا مُحَمَّدٍ

ফী- উম্মা-তিত্ব ত্বা'আ-ম্। আল্লা-হুম্মা সল্লি ওয়া সাল্লিম 'আলা সায়্যিদিনা- মুহাম্মাদিওঁ  
ওই বিল্লিগুলোর মধ্যে। হে আল্লাহ! দুরূদ ও সালাম শ্রেণণ করো আমাদের আক্কা হযরত মুহাম্মদ মোস্তফার উপর, আমাদের আক্কা হযরত মুহাম্মদ

وَعَلَىٰ آلِ سَيِّدِنَا مُحَمَّدٍ وَعَلَىٰ بَطْنِهِ فِي الْبُطُونِ وَعُكْنَتِهِ

ওয়া 'আলা- আ-লি সায়্যিদিনা- মুহাম্মাদিওঁ ওয়া 'আলা- বাত্বনিহী- ফিল্ বুত্বু-নি ওয়া 'উকনাতিহী-  
মোস্তফার পবিত্র বংশধরের উপর, তাঁর পবিত্রতম উদরের উপর উদরসমূহের মধ্যে এবং তাঁর উদর মুবারকের ভাঁজগুলোর উপর

فِي الْعُكَنِ اللَّهُمَّ صَلِّ وَسَلِّمْ عَلَىٰ سَيِّدِنَا مُحَمَّدٍ وَعَلَىٰ آلِ

ফিল্ 'উকান্। আল্লা-হুম্মা সল্লি ওয়া সাল্লিম 'আলা সায়্যিদিনা- মুহাম্মাদিওঁ ওয়া 'আলা- আ-লি  
উদরের ভাঁজগুলোর মধ্যে। হে আল্লাহ! দুরূদ ও সালাম শ্রেণণ করো আমাদের আক্কা হযরত মুহাম্মদ মোস্তফার উপর, আমাদের আক্কা

سَيِّدِنَا مُحَمَّدٍ وَعَلَىٰ لِيُطِّتِهِ وَمَا سَارِيقَائِهِ اللَّهُمَّ صَلِّ

সায়্যিদিনা- মুহাম্মাদিওঁ ওয়া 'আলা- লী-ত্বাতিহী- ওয়া মা-সা-রী-ক্বা-'ইহ্। আল্লা-হুম্মা সল্লি  
হযরত মুহাম্মদ মোস্তফার পবিত্র বংশধরের উপর, তাঁর চামড়া শরীফের উপর এবং তাঁর হৃদয় মুবারকের সরু রগগুলোর উপর। হে আল্লাহ! দুরূদ

وَسَلِّمْ عَلَى سَيِّدِنَا مُحَمَّدٍ وَعَلَى آلِ سَيِّدِنَا مُحَمَّدٍ وَعَلَى

ওয়া সাল্লিম 'আলা সায্যিদিনা- মুহাম্মাদিওঁ ওয়া 'আলা- আ-লি সায্যিদিনা- মুহাম্মাদিওঁ ওয়া 'আলা-  
ও সালাম প্রেরণ করো আমাদের আকা হযরত মুহাম্মদ মোস্তফার উপর, আমাদের আকা হযরত মুহাম্মদ মোস্তফার পবিত্র বংশধরের উপর,

حَشَائِهِ فِي الْأَحْشَاءِ وَمَرِّقِهِ فِي الْمَرَائِقِ اللَّهُمَّ صَلِّ وَسَلِّمْ

হাশা-ইহী- ফিল্ আহশা-ই ওয়া মারিক্বিক্বিহী- ফিল্ মারা-ক্বিক্বি । আল্লা-হুম্মা সল্লি ওয়া সাল্লিম  
তাঁর পবিত্র অস্ত্রের উপর অস্ত্রগুলোর মধ্যে এবং তাঁর পবিত্র নাভী সংলগ্ন অংশের উপর ওই অংশগুলোর মধ্যে। হে আল্লাহ! দুরদ ও সালাম

عَلَى سَيِّدِنَا مُحَمَّدٍ وَعَلَى آلِ سَيِّدِنَا مُحَمَّدٍ وَعَلَى ثُرْبِهِ فِي

'আলা সায্যিদিনা- মুহাম্মাদিওঁ ওয়া 'আলা- আ-লি সায্যিদিনা- মুহাম্মাদিওঁ ওয়া 'আলা- সুরবিহী- ফিস্  
প্রেরণ করো আমাদের আকা হযরত মুহাম্মদ মোস্তফার উপর, আমাদের আকা হযরত মুহাম্মদ মোস্তফার পবিত্র বংশধরের উপর তাঁর পবিত্র নাড়ি-ভুড়ির চর্বিগুলোর উপর

الْثُرُوبِ وَصِفَاقِهِ اللَّهُمَّ صَلِّ وَسَلِّمْ عَلَى سَيِّدِنَا مُحَمَّدٍ

সুরূ-বি ওয়া সেফা-ক্বিহ্ । আল্লা-হুম্মা সল্লি ওয়া সাল্লিম 'আলা সায্যিদিনা- মুহাম্মাদিওঁ  
এবং তাঁর চামড়া শরীফের অভ্যন্তরীণ সরু বিল্লির উপর। হে আল্লাহ! দুরদ ও সালাম প্রেরণ করো আমাদের আকা হযরত মুহাম্মদ

وَعَلَى آلِ سَيِّدِنَا مُحَمَّدٍ وَعَلَى سُرِّهِ فِي الْأَسْرَةِ وَسُرَّتِهِ فِي

ওয়া 'আলা- আ-লি সায্যিদিনা- মুহাম্মাদিওঁ ওয়া 'আলা- সুররিহী- ফিল্ আসিররাতি ওয়া সুররাতিহী- ফিস্  
মোস্তফার উপর, আমাদের আকা হযরত মুহাম্মদ মোস্তফার পবিত্র বংশধরের উপর, তাঁর শৈশবকালীন নাভী শরীফের উপর নাভীগুলো মধ্যে এবং পরবর্তী বয়সের নাভী শরীফের উপর

السُّرَّاتِ اللَّهُمَّ صَلِّ وَسَلِّمْ عَلَى سَيِّدِنَا مُحَمَّدٍ وَعَلَى آلِ

সুরা-ত্ । আল্লা-হুম্মা সল্লি ওয়া সাল্লিম 'আলা সায্যিদিনা- মুহাম্মাদিওঁ ওয়া 'আলা- আ-লি  
নাভীগুলোর মধ্যে। হে আল্লাহ! দুরদ ও সালাম প্রেরণ করো আমাদের আকা হযরত মুহাম্মদ মোস্তফার উপর, আমাদের আকা হযরত মুহাম্মদ মোস্তফার পবিত্র বংশধরের উপর,

سَيِّدِنَا مُحَمَّدٍ وَعَلَى ثُنَّتِهِ فِي الثَّنِّ وَرَكَبِهِ فِي الرِّكَابِ

সায়্যিদিনা- মুহাম্মাদিওঁ ওয়া 'আলা- সুন্নাতিহী- ফিস্ সুনানি ওয়া রাকাবিহী- ফির্ রিকা-ব্ ।  
তাঁর বরকতময় পদযুগলের চুল মুবারকগুলোর উপর ওই চুলগুলোর মধ্যে এবং তাঁর হাঁটু শরীফের উপর হাঁটুগুলোর মধ্যে।



اللَّهُمَّ صَلِّ وَسَلِّمْ عَلَى سَيِّدِنَا مُحَمَّدٍ وَعَلَى آلِ سَيِّدِنَا

আল্লা-হুম্মা সল্লি ওয়া সাল্লিম 'আলা সায্যিদিনা- মুহাম্মাদিওঁ ওয়া 'আলা- আ-লি সায্যিদিনা-  
হে আল্লাহ! দুরূদ ও সালাম প্রেরণ করো আমাদের আকা হযরত মুহাম্মদ মোস্তফার উপর, আমাদের আকা হযরত মুহাম্মদ মোস্তফার পবিত্র বংশধরের উপর,

مُحَمَّدٍ وَعَلَى مَانَتِهِ فِي الْمَانَاتِ وَخَثَلَتِهِ فِي الْخَثَلَاتِ

মুহাম্মাদিওঁ ওয়া 'আলা- মা-নাতিহী- ফিল্ মা-না-তি ওয়া খাসলাতিহী- ফিল্ খাসালা-ত্ ।  
তাঁর নাতি শরীফ ও সেটার আশপাশের অংশগুলোর উপর, নাতিগুলোর মধ্যে এবং তাঁর নাতি মুবারকের নিম্নবর্তী অংশের উপর, নাতির নিম্নবর্তী অংশগুলোর মধ্যে।

اللَّهُمَّ صَلِّ وَسَلِّمْ عَلَى سَيِّدِنَا مُحَمَّدٍ وَعَلَى آلِ سَيِّدِنَا

আল্লা-হুম্মা সল্লি ওয়া সাল্লিম 'আলা সায্যিদিনা- মুহাম্মাদিওঁ ওয়া 'আলা- আ-লি সায্যিদিনা-  
হে আল্লাহ! দুরূদ ও সালাম প্রেরণ করো আমাদের আকা হযরত মুহাম্মদ মোস্তফার উপর, আমাদের আকা

مُحَمَّدٍ وَعَلَى قَصْبِهِ فِي الْأَقْصَابِ وَمَصِيرِهِ فِي الْمَصَارِيرِ

মুহাম্মাদিওঁ ওয়া 'আলা- ক্বসবিহী- ফিল্ আক্বসোয়া-বি ওয়া মাসী-রিহী- ফিল্ মাসোয়া-রী-র্ ।  
হযরত মুহাম্মদ মোস্তফার পবিত্র বংশধরের উপর, তাঁর মুবারক কষ্ট থেকে পাকস্থলী পর্যন্ত নালী শরীফের উপর এমন নালীগুলোর মধ্যে এবং তাঁর আঁত শরীফের উপর আঁতগুলোর মধ্যে।

اللَّهُمَّ صَلِّ وَسَلِّمْ عَلَى سَيِّدِنَا مُحَمَّدٍ وَعَلَى آلِ سَيِّدِنَا

আল্লা-হুম্মা সল্লি ওয়া সাল্লিম 'আলা সায্যিদিনা- মুহাম্মাদিওঁ ওয়া 'আলা- আ-লি সায্যিদিনা-  
হে আল্লাহ! দুরূদ ও সালাম প্রেরণ করো আমাদের আকা হযরত মুহাম্মদ মোস্তফার উপর, আমাদের আকা হযরত মুহাম্মদ মোস্তফার পবিত্র বংশধরের উপর,

مُحَمَّدٍ وَعَلَى مَعَائِهِ فِي الْأُمَعَاءِ وَكَرُّشِهِ فِي الْكُرُوشِ

মুহাম্মাদিওঁ ওয়া 'আলা- মা'আ-ইহী- ফিল্ আম'আ-ই ওয়া কারশিহী- ফিল্ কুর-শ্ ।  
তাঁর বরকতময় অস্ত্রের উপর অস্ত্রগুলোর মধ্যে এবং আর তাঁর পবিত্র পাকস্থলীর উপর পাকস্থলীগুলোর মধ্যে।

اللَّهُمَّ صَلِّ وَسَلِّمْ عَلَى سَيِّدِنَا مُحَمَّدٍ وَعَلَى آلِ سَيِّدِنَا

আল্লা-হুম্মা সল্লি ওয়া সাল্লিম 'আলা সায্যিদিনা- মুহাম্মাদিওঁ ওয়া 'আলা- আ-লি সায্যিদিনা-  
হে আল্লাহ! দুরূদ ও সালাম প্রেরণ করো আমাদের আকা হযরত মুহাম্মদ মোস্তফার উপর, আমাদের আকা

مُحَمَّدٍ وَعَلَىٰ اِثْنِي عَشْرِيَّتِهِ وَصَائِمِهِ وَدُقَاقِهِ وَأَعْوَرِهِ

মুহাম্মাদিওঁ ওয়া 'আলা- ইস্নাই 'আশারিয়াতিহী- ওয়া সোয়া-ইমিহী- ওয়া দুক্বা-ক্বিহী- ওয়া আ'ওয়ারিহী-  
হযরত মুহাম্মদ মোস্তফার পবিত্র বংশধরের উপর, তাঁর পবিত্র শরীফের বার স্তরের উপর\*, বড় মজবুত হাড় শরীফের উপর, বরকতময় সর্ক হাড়ের উপর এবং তাঁর পৃথক পৃথক

وَقَوْلُونِهِ اللَّهُمَّ صَلِّ وَسَلِّمْ عَلَىٰ سَيِّدِنَا مُحَمَّدٍ وَعَلَىٰ آلِ

ওয়া ক্ব-লু-নিহ্। আল্লা-হুম্মা সল্লি ওয়া সাল্লিম 'আলা সাযিদিনা- মুহাম্মাদিওঁ ওয়া 'আলা- আ-লি  
ও সংযুক্ত বরকতময় অংশগুলোর উপর। হে আল্লাহ! দুরূদ ও সালাম প্রেরণ করো আমাদের আকা হযরত মুহাম্মদ মোস্তফার উপর,

سَيِّدِنَا مُحَمَّدٍ وَعَلَىٰ مَعَائِهِ الْمُسْتَقِيمِ وَكُلِّيَّتِهِ فِي الْكُلِّي

সায়িদিনা- মুহাম্মাদিওঁ ওয়া 'আলা- মা'আ-ইহিল্ মুসতাক্বী-মি ওয়া ক্বল্য়াতিহী- ফিল্ ক্বলা-।  
আমাদের আকা হযরত মুহাম্মদ মোস্তফার পবিত্র বংশধরের উপর, তাঁর পবিত্র সোজা আঁতের উপর এবং তাঁর পবিত্র কিডনীর উপর কিডনীগুলোর মধ্যে।

اللَّهُمَّ صَلِّ وَسَلِّمْ عَلَىٰ سَيِّدِنَا مُحَمَّدٍ وَعَلَىٰ آلِ سَيِّدِنَا

আল্লা-হুম্মা সল্লি ওয়া সাল্লিম 'আলা সাযিদিনা- মুহাম্মাদিওঁ ওয়া 'আলা- আ-লি সাযিদিনা-  
হে আল্লাহ! দুরূদ ও সালাম প্রেরণ করো আমাদের আকা হযরত মুহাম্মদ মোস্তফার উপর, আমাদের আকা

مُحَمَّدٍ وَعَلَىٰ مَثَانَتِهِ فِي الْمَثَانَاتِ وَخَاصِرَتِهِ فِي الْخَوَاصِرِ

মুহাম্মাদিওঁ ওয়া 'আলা- মাসা-নাতিহী- ফিল্ মাসা-না-তি ওয়া খা-সিরাতিহী- ফিল্ খাওয়া-সেরি  
হযরত মুহাম্মদ মোস্তফার পবিত্র বংশধরের উপর এবং হুযুরের 'মাসানা' (مَثَانَة) \*\* শরীফের উপর 'মাসানা'গুলোর মধ্যে। তাঁর পার্শ্বদেশের উপর, পার্শ্বদেশগুলোর মধ্যে

وَحَاصِرِهِ فِي الْخُصُورِ اللَّهُمَّ صَلِّ وَسَلِّمْ عَلَىٰ سَيِّدِنَا

ওয়া খাস্-রিহী- ফিল্ খুসূ-র্। আল্লা-হুম্মা সল্লি ওয়া সাল্লিম 'আলা সাযিদিনা-  
এবং তাঁর কোমর শরীফের উপর কোমরগুলোর মধ্যে। হে আল্লাহ! দুরূদ ও সালাম প্রেরণ করো আমাদের আকা হযরত মুহাম্মদ মোস্তফার উপর, আমাদের আকা

مُحَمَّدٍ وَعَلَىٰ آلِ سَيِّدِنَا مُحَمَّدٍ وَعَلَىٰ عَظْمِ حَرْقَفَتِهِ

মুহাম্মাদিওঁ ওয়া 'আলা- আ-লি সাযিদিনা- মুহাম্মাদিওঁ ওয়া 'আলা- 'আযমি হারক্বাফাতিহী-  
হযরত মুহাম্মদ মোস্তফার পবিত্র বংশধরের উপর, তাঁর নিতম্ব শরীফের হাড়ের উপর

\* অথবা প্রকাশ্য বরকতময় অংশ ও অঙ্গের উপর; অথবা পবিত্র বার অভ্যন্তরীণ অংশের উপর।

\*\* পবিত্র প্রস্রাবের স্থলী মুবারক হচ্ছে 'মাসানা শরীফ'। যেখানে প্রিয় নবীর প্রস্রাব মুবারক উন্মত্তের জন্য বরকতময় ও পবিত্র, সেখানে পবিত্র প্রস্রাবের স্থলীও বরকতময় এবং পবিত্র। সুতরাং ۱-۲ (মাসানা) শরীফের উপর দুরূদ-সালাম প্রেরণের মমার্থ প্রিয় নবীর উপর দুরূদ-সালাম প্রেরণ করা।

وَكَشِحِهِ فِي الْكُشُوحِ اللَّهُمَّ صَلِّ وَسَلِّمْ عَلَى سَيِّدِنَا

ওয়া কাশহিহী- ফিল্ কুশূ-হ । আল্লা-হুম্মা সল্লি ওয়া সাল্লিম 'আলা সাযিদিনা-  
এবং তাঁর পার্শ্বদেশের উপর পার্শ্বদেশগুলোর মধ্যে। হে আল্লাহ! দুরূদ ও সালাম প্রেরণ করো আমাদের আকা

مُحَمَّدٍ وَعَلَى آلِ سَيِّدِنَا مُحَمَّدٍ وَعَلَى وَرَكِّهِ فِي

মুহাম্মাদিওঁ ওয়া 'আলা- আ-লি সাযিদিনা- মুহাম্মাদিওঁ ওয়া 'আলা- ওয়ারকিহী- ফিল্  
হযরত মুহাম্মদ মোস্তফার উপর, আমাদের আকা হযরত মুহাম্মদ মোস্তফার পবিত্র বংশধরের উপর, তাঁর নিতম্ব শরীফের উপর,

الْأُورَاكِ وَحَقِّ وَرَكِّهِ فِي الْحِقَاقِ اللَّهُمَّ صَلِّ وَسَلِّمْ عَلَى

আওরা-কি ওয়া হাক্বক্বি ওয়ারকিহী- ফিল্ হিক্বা-ক্ব । আল্লা-হুম্মা সল্লি ওয়া সাল্লিম 'আলা  
নিতম্বগুলোর মধ্যে এবং তাঁর নিতম্ব শরীফের অগ্রভাগের উপর নিতম্বের অগ্রভাগগুলোর মধ্যে। হে আল্লাহ! দুরূদ ও সালাম প্রেরণ করো

سَيِّدِنَا مُحَمَّدٍ وَعَلَى آلِ سَيِّدِنَا مُحَمَّدٍ وَعَلَى عُصْعُصِهِ فِي

সায়িদিনা- মুহাম্মাদিওঁ ওয়া 'আলা- আ-লি সাযিদিনা- মুহাম্মাদিওঁ ওয়া 'আলা- 'উস'উসিহী- ফিল্  
আমাদের আকা হযরত মুহাম্মদ মোস্তফার উপর, আমাদের আকা হযরত মুহাম্মদ মোস্তফার পবিত্র বংশধরের উপর, ছুঁরের নিতম্ব শরীফের হাড়ের অগ্রভাগের উপর

الْعَصَاعِصِ اللَّهُمَّ صَلِّ وَسَلِّمْ عَلَى سَيِّدِنَا مُحَمَّدٍ وَعَلَى

'আসোয়া- 'ইস্ । আল্লা-হুম্মা সল্লি ওয়া সাল্লিম 'আলা সাযিদিনা- মুহাম্মাদিওঁ ওয়া 'আলা-  
এমন হাড়ের অগ্রভাগগুলোর মধ্যে। হে আল্লাহ! দুরূদ ও সালাম প্রেরণ করো আমাদের আকা হযরত মুহাম্মদ মোস্তফার উপর,

آلِ سَيِّدِنَا مُحَمَّدٍ وَعَلَى قُرْبِهِ فِي الْأَقْرَابِ وَفَخِذِهِ فِي

আ-লি সাযিদিনা- মুহাম্মাদিওঁ ওয়া 'আলা- কুরবিহী- ফিল্ আক্বরা-বি ওয়া ফাখিযিহী- ফিল্  
আমাদের আকা হযরত মুহাম্মদ মোস্তফার পবিত্র বংশধরের উপর, তাঁর উদর মুবারকের উপর উদরগুলোর মধ্যে এবং তাঁর রান মুবারকের উপর

الْأَفْحَاذِ اللَّهُمَّ صَلِّ وَسَلِّمْ عَلَى سَيِّدِنَا مُحَمَّدٍ وَعَلَى آلِ

আফখা-য্ । আল্লা-হুম্মা সল্লি ওয়া সাল্লিম 'আলা সাযিদিনা- মুহাম্মাদিওঁ ওয়া 'আলা- আ-লি  
রানগুলোর মধ্যে। হে আল্লাহ! দুরূদ ও সালাম প্রেরণ করো আমাদের আকা হযরত মুহাম্মদ মোস্তফার উপর,

سَيِّدِنَا مُحَمَّدٍ وَعَلَىٰ كَاذِبِهِ فِي الْكَاذِبَاتِ وَمَغْبِنِهِ فِي

সায়িদিনা- মুহাম্মাদিওঁ ওয়া 'আলা- কা-যাতিহী- ফিল্ কা-যা-তি ওয়া মাগবানিহী- ফিল্  
আমাদের আকা হযরত মুহাম্মাদ মোস্তফার পবিত্র বংশধরের উপর, তাঁর রান মুবারকের উখিত গোশতের উপর, রানের উখিত গোশতগুলোর মধ্যে এবং তাঁর বরকতময় বগলের উপর

الْمَغَابِنِ اللَّهُمَّ اجْعَلْ رَغْبَتِي إِلَيْكَ فَوْقَ رَغْبَةِ الرَّاغِبِينَ

মাগা-বিন্ । আল্লা-হুম্মাজ্ 'আল্ রাগবাতী- ইলায়কা ফাওক্বা রাগবাতির্ রা-গিবী-না  
বগলগুলোর মধ্যে। হে আল্লাহ! আমার আগ্রহকে তোমার প্রতি করে দাও সমস্ত আগ্রহীর আগ্রহগুলোর উপরে,

وَحَمْدِي إِلَيْكَ فَوْقَ حَمْدِ الْحَامِدِينَ وَلَا تَخْذُلْنِي عِنْدَ

ওয়া হামদী- ইলায়কা ফাওক্বা হামদির্ হা-মিদী-না ওয়া লা- তাখ্‌যুল্‌নী- 'ইন্দা  
আমার প্রশংসাকরণকে তোমার মহান দরবারে সমস্ত প্রশংসাকারীর প্রশংসা করা থেকে উচ্চতর করো। আমাকে তোমার কৃপাদৃষ্টি থেকে বঞ্চিত করো না,

فَاقْتِي إِلَيْكَ وَلَا تَهْلِكْنِي بِمَا أَسْدَيْتَهُ إِلَيْكَ وَلَا تَجْبِهْنِي

ফা-ক্বাতী- ইলায়কা ওয়া লা- তুহলিকনী- বিমা- আসদায়তুহু- ইলায়কা ওয়া লা- তাজবাহনী-  
তোমার প্রতি আমার মুখাপেক্ষিতার সময়, আমাকে ধ্বংস করো না এ কারণে যে, আমি তোমার বিধানাবলীকে অসম্পূর্ণ রেখেছি, না কঠোরতা করো

بِمَا جَبَّهْتَ بِهِ الْمُعَانِدِينَ لَكَ فَإِنِّي لَكَ مُسْلِمٌ أَعْلَمُ أَنَّ

বিমা- জাবাহতা বিহিল্ মু'আ-নিদী-না লাকা ফা ইন্নী- লাকা মুসলিমুন্ আ'লামু আন্না  
আমার প্রতি (ওই কঠোরতার সাথে), যা তুমি তোমার অবাধ্যদের প্রতি করেছো। কেননা আমি তো নিশ্চিতভাবে তোমার জন্য ইসলাম গ্রহণকারী। আমি জানি নিশ্চয়

الْحُجَّةَ لَكَ وَأَنَّكَ أَوْلَىٰ بِالْفَضْلِ وَأَعْوَدُ بِالْإِحْسَانِ

হুজ্বাতা লাকা ওয়া আন্না কা আওলা- বিল্ ফাদ্বলি ওয়া আ'ওয়াদু বিল্ ইহসা-নি  
দলীল-প্রমাণ তোমারই জন্য, একথারও (নিশ্চিত বিশ্বাস রাখি) যে, তুমি সর্বাধিক উপযোগী অনুগ্রহ করার, সর্বাধিক যোগ্য উপকার করার,

وَأَهْلُ التَّقْوَىٰ وَأَهْلُ الْمَغْفِرَةِ وَأَنَّكَ بَانَ تَعْفُو أَوْلَىٰ

ওয়া আহলুত্‌ তাক্বুওয়া- ওয়া আহলুল্‌ মাগফিরাতি ওয়া আন্না কা বিআন্ তা'ফুওভা আওলা-  
আর তুমিই (তোমাকেই) ভয় করার উপযোগী এবং অধিকারী ক্ষমা করার; আর ক্ষমা ও উপেক্ষা করা তোমারই জন্য বেশী শোভা পায়-

مِنْكَ بَانَ تَعَابٍ وَأَنْكَ بَانَ تَسْتُرٍ أَقْرَبُ مِنْكَ إِلَى أَنْ

মিনকা বিআন্ তু 'আ-ক্বিবা ওয়া আন্না কা বিআন্ তাসতুরা আক্বরাবু মিনকা ইলা- আন্ শান্তি ও প্রতিশোধ গ্রহণের তুলনায়। তোমার বান্দাদের দোষ গোপনকরণ তোমারই বেশি নিকটবর্তী আমাদের অপরাধগুলো প্রসিদ্ধ করার তুলনায়।

تَشْهَرُ فَاحِينِي حَيَوَةً طَيِّبَةً تَنْتَظِمُ بِهَا مَا أُرِيدُ وَتَبْلُغُ بِهَا مَا

তশহারা ফাআহয়িনী- হায়া-তান্ ত্রায়িবাতান্ তানতাযেমু বিহা- মা- উরী-দু ওয়া তাবলুগু বিহা- মা- সুতরাং আমাকে জীবন দান করে অত্যন্ত পবিত্র জীবন, যা দ্বারা আমার ইচ্ছা পূরণের ব্যবস্থা হয় এবং যা পৌছে যায় ওই গন্তব্যে, যা আমি পছন্দ করি। (অর্থাৎ তোমার মিলন পর্যন্ত),

أَحَبُّ مِنْ وَصْلِكَ وَلَا آتِي مَا تَكْرَهُ وَلَا أُرْتَكِبُ مَا نَهَيْتَنِي

উহিবু মিওঁ ওয়াসলিকা ওয়া লা- আ-তী- মা- তাকরাহু ওয়া লা- আরতাকিবু মা- নাহায়তানী- আর আমি যেনো না করি ওই কাজ, যা তুমি অপছন্দ করে এবং আমি যেনো সম্পাদন না করি এমনসব কাজ, যেগুলো করতে তুমি আমাকে নিষেধ করেছো।

عَنْهُ وَأَمْتَنِي مِيتَةً مَنْ يَسْعَى نُورُهُ بَيْنَ يَدَيْهِ وَعَنْ يَمِينِهِ

'আনহু ওয়া আমিতনী- মী-তাতা মাই ইয়াস্ 'আ- নু-রহু- বায়না ইয়াদায়হি ওয়া 'আই ইয়ামী-নিহী- আমাকে ওইসব লোকের মতো ওফাত দাও, যাঁদের সামনে ও ডানে নূর ছুটাছুটি করতে থাকবে।

وَذَلَّلْنِي بَيْنَ يَدَيْكَ وَأَعَزَّنِي عِنْدَ خَلْقِكَ وَضَعْنِي إِذَا

ওয়া যাল্লিনী- বায়না- ইয়াদায়কা ওয়া আ 'ইয্য়ানী- 'ইন্দা খালক্বিকা ওয়া দ্বোয়া'নী- ইযা- আমাকে বিনয়ী করে তোমার সামনে এবং আমাকে সম্মান দান করে তোমার সৃষ্টির নিকট, আমাকে নম্র-অবনত করে যখন আমি তোমার সাথে

خَلَوْتُ بِكَ وَارْفَعْنِي بَيْنَ عِبَادِكَ وَأَغْنِنِي عَمَّنْ هُوَ غَنِيٌّ

খালাউতু বিকা ওয়ার্ফা'নী- বায়না 'ইবা-দিকা ওয়া আগ্নিনী- 'আম্মান্ হুয়া গান্নিয়ুন্ একাকী হই, আমাকে উঁচু মর্যাদা দান করে তোমার বান্দাদের মধ্যে, আমাকে তাদের অমুখাপেক্ষী করে, যারা আমার পরোয়া করে না,

عَنِّي وَزِدْنِي إِلَيْكَ فَاقَةً وَفَقْرًا وَأَعِدْنِي مِنْ شِمَاتَةٍ

'আন্নী- ওয়া যিদনী- ইলায়কা ফা-ক্বাতাওঁ ওয়া ফাক্বরাওঁ ওয়া আ 'ইযনী- মিন্ শামা-তাতিল্ তোমার প্রতি আমার ক্ষুধাকে বৃদ্ধি করে এবং মুখাপেক্ষিতাকেও, আমাকে আশ্রয় দাও শত্রুদের খুশী ও আহ্লাদ থেকে,

الْأَعْدَاءِ وَمِنْ حُلُولِ الْبَلَاءِ وَمِنَ الذُّلِّ وَالْعَنَاءِ اللَّهُمَّ صَلِّ

আ'দা-ই ওয়া মিন্ হুলু-লিল্ বাল-ই ওয়া মিনায্ যুল্লি ওয়াল্ 'আনা-ই। আন্না-হুম্মা সল্লি এবং বাল-মুসীবতসমুহ নাযিল হওয়া থেকে আর সম্বলহীনতা ও দুঃখকষ্ট থেকে। হে আল্লাহ! দুরূদ

وَسَلِّمْ عَلَى سَيِّدِنَا مُحَمَّدٍ وَعَلَى آلِ سَيِّدِنَا مُحَمَّدٍ وَعَلَى

ওয়া সাল্লিম 'আলা সাযিয়দিনা- মুহাম্মাদিওঁ ওয়া 'আলা- আ-লি সাযিয়দিনা- মুহাম্মাদিওঁ ওয়া 'আলা- ও সালাম প্রেরণ করো আমাদের আকা হযরত মুহাম্মদ মোস্তফার উপর, আমাদের আকা হযরত মুহাম্মদ মোস্তফার পবিত্র বংশধরের উপর,

حَالِهِ وَرَبَلْتِهِ فِي الرَّبَلَاتِ اللَّهُمَّ صَلِّ وَسَلِّمْ عَلَى سَيِّدِنَا

হা-লিবিহী- ওয়া রাবালতিহী- ফির্ রাবাল-ত্। আন্না-হুম্মা সল্লি ওয়া সাল্লিম 'আলা সাযিয়দিনা- তাঁর 'মাসনা' শরীফ পর্যন্ত পৌঁছে এমন শিরার উপর এবং তাঁর প্রতিটি রান মুবারকের মূলের উপর রানগুলোর মূলসমূহের মধ্যে। হে আল্লাহ! দুরূদ ও সালাম প্রেরণ করো আমাদের আকা

مُحَمَّدٍ وَعَلَى آلِ سَيِّدِنَا مُحَمَّدٍ وَعَلَى زَائِدَتِهِ الْعُظْمَى

মুহাম্মাদিওঁ ওয়া 'আলা- আ-লি সাযিয়দিনা- মুহাম্মাদিওঁ ওয়া 'আলা- যা-ইদাতিহিল্ 'উয্মা- হযরত মুহাম্মদ মোস্তফার উপর, আমাদের আকা হযরত মুহাম্মদ মোস্তফার পবিত্র বংশধরের উপর এবং তাঁর পবিত্র বড় দাঁত

وَزَائِدَتِهِ الصُّغْرَى اللَّهُمَّ صَلِّ وَسَلِّمْ عَلَى سَيِّدِنَا مُحَمَّدٍ

